রমজানে মাসব্যাপী জাহেদী ফাউন্ডেশনের খাদ্যসামগ্রী বিতরণ শুরু

ঝিনাইদহের জাহেদী ফাউন্ডেশনের উদ্যোগে পবিত্র রমজান উপলক্ষে মাসব্যাপী খাদ্যসামগ্রী বিতরণ শুরু হয়েছে।

মঙ্গলবার (১৭ ফেব্রুয়ারি) বিকালে প্রতি বছরের ন্যায় এবারও সমাজের দারিদ্র্য বিমোচন এবং পবিত্র রমজানের আনন্দ ভাগাভাগি করার লক্ষ্যে জাহেদী ফাউন্ডেশনের উদ্যোগে এ কর্মসূচির উদ্বোধন করা হয়।

বিগত ১৭ বছর ধরে চলমান এ কর্মসূচির মাধ্যমে সমাজের দুঃস্থ ও অসচ্ছল পরিবারের মাঝে রমজান মাসব্যাপী খাদ্য সহায়তা প্রদান করা হচ্ছে। প্রতিটি দরিদ্র পরিবারকে ১০ কেজি চাল, ১ কেজি ডাল, ১ কেজি সয়াবিন তেল এবং ১ প্যাকেট সেমাই প্রদান করা হবে।

ঝিনাইদহ পৌরসভায় অবস্থিত কিংশুক ইটভাটা প্রাঙ্গণে কর্মসূচির উদ্বোধন করেন জাহেদী ফাউন্ডেশনের নির্বাহী সদস্য এম এ লতিফ শাহরিয়ার জাহেদী। প্রথম ধাপে মঙ্গলবার প্রায় ৫,০০০ পরিবারের মাঝে খাদ্য সহায়তা সামগ্রী বিতরণ করা হয়েছে।

পর্যায়ক্রমে ঝিনাইদহসহ সারাদেশব্যাপী প্রায় ৬০,০০০ অসচ্ছল পরিবারের মাঝে এ খাদ্য সহায়তা সামগ্রী পৌঁছে দেওয়া হবে।